# শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট

**শ্রেণি - তৃতীয়**
**বিষয় - বাংলা**
**কবিতা – সমব্যথী (দ্বিতীয় অংশ)**
**কবি – রবীন্দ্রনাথ ঠাকুর**
**বিষয়বস্তুর প্রকৃতি – শিশুভাবনা মূলক**

নীচের প্রশ্নগুলির উত্তর দাও :-

1) 'সমব্যথী' কবিতায় খোকা কুকুরছানা ছাড়া আর কী হওয়ার কথা ভেবেছে?

উঃ) 'সমব্যথী' কবিতায় খোকা কুকুরছানা ছাড়া টিয়াপাখি হওয়ার কথা ভেবেছে।

2) খোকা যদি টিয়াপাখি হতো, তাহলে মা তার প্রতি কেমন ব্যবহার করত বলে খোকা মনে করে?

উঃ) খোকা মনে করে সে যদি টিয়াপাখি হতো তাহলে মা তাকে শিকলে বেঁধে আটকে রাখত, উড়তে দিত না এবং বলত হতভাগা পাখি কেবল শিকল কেটে পালাতে চায়।

3) "আমি রব না...............যাব চলে" –

ক) এখানে 'আমি' কে?

খ) 'তোর কোলে' বলতে কার কোলের কথা বলা হয়েছে?

গ) খোকা কেন মার কোলে থাকতে চায় না,বনে চলে যেতে চায়?

ক) উঃ) এখানে 'আমি' হল রবীন্দ্রনাথ ঠাকুরের 'সমব্যথী' কবিতার খোকা।

খ) উঃ) এখানে তোর কোলে বলতে খোকার মার কোলের কথা বলা হয়েছে।

গ) উঃ) টিয়াপাখি খোকার বন্ধু ও তার খেলার সাথী। শিশুভাবনার বৈশিষ্ট্য অনুযায়ী খোকা স্বাধীনচেতা বলে ধরাবাঁধার মধ্যে থাকতে চায় না। তাই মা যখন টিয়াপাখি হতে চাওয়া খোকাকে শিকলে আটকে রাখতে চান তখন খোকার অবুঝ মন ভাবে মায়ের ব্যবহারে টিয়াপাখি কষ্ট পায়, মনে ব্যাথা পায়। তখনই মায়ের প্রতি অভিমান করে খোকা মায়ের কোলে থাকতে চায় না এবং মাকে ছেড়ে বনে চলে যেতে চায়।

4 ) 'সমব্যথী' কবিতায় খোকা কাদের প্রতি সমব্যথী?

উঃ ) কবিতাটিতে খোকা কুকুরছানা ও টিয়াপাখির প্রতি সমব্যথী ।

5 ) "আমি বনেই যাব চলে" - লাইনটির মধ্যে দিয়ে কোন শিশুভাবনা প্রকাশিত হয়েছে?

উঃ ) লাইনটির মধ্যে দিয়ে শিশুভাবনার স্বাধীনচেতা দিকটি প্রকাশ পেয়েছে।

H/W - বাক্যরচনা করো:- মানা,ছল, শিকল, ফাঁকি।

**বিঃদ্রঃ**

- **ছাত্র-ছাত্রীদের পাঠ যদি বুঝতে সমস্যা হয়, তবে নিজের বক্তব্য Comment Box- এ পাঠাও।**
- **নিজের নাম, শ্রেণি, বিভাগ, ক্রমিক সংখ্যা ও যোগাযোগ নম্বর উল্লেখ করবে।**
- **আমরা সরাসরি তোমাদের সাথে যোগাযোগ করে নেবো।**